

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০৯

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৬
১৪ মার্চ ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ১৪ মার্চ ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস: রাজশাহী, রংপুর, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, যশোর এবং কুষ্টিয়া অঞ্চল সমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি /বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গের গাঙ্গেয় উপকূল এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ রংপুর ও রাজশাহী বিভাগের কিছু কিছু জায়গায় এবং খুলনা, ঢাকা, ময়মনসিংহ এবং সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.৪	৩২.৫	৩৬.০	৩৪.৫	৩৩.৫	৩০.৫	৩৫.০	৩৫.৬
সর্বনিম্ন তাপমাত্রা	২০.৮	২০.৬	১৭.৫	১৭.৫	১৯.০	১৬.০	২১.০	১৯.০

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুণ্ড ও টেকনাফ ৩৬.০° এবং আজকের সর্বনিম্ন রংপুর ১৬.০°সেঃ।

অগ্নিকান্ড

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১২/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৩/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট

৫৩টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকাণ্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকাণ্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৮	১	০
২।	ময়মনসিংহ	৫	০	০
৩।	বরিশাল	৪	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	৪	১	০
৬।	রংপুর	৫	০	০
৭।	চট্টগ্রাম	১৩	০	০
৮।	খুলনা	১৩	১	০
	মোট	৫৩	৩	০

উল্লেখযোগ্য অগ্নিকাণ্ড (জেলাভিত্তিক তথ্য):

১। **ঢাকা:** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে টেলিফোন ও এসএমএস বার্তার মাধ্যমে জানানো হয়েছে যে, গত ১৩.০৩.২০২০খ্রিঃ তারিখ রাত ১.৩৩ ঘটিকায় শহীদ তাজউদ্দিন সরণী মহাখালী, তেজগাঁও, ঢাকা বাস টার্মিনালের পশ্চিম পাশে ক্লিন ফুয়েল ফিলিং স্টেশন এ সিলিন্ডার বিস্ফোরণে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ০৩ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে রাত ২.০৩ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডে ঐ ফিলিং স্টেশন এর একজন কর্মচারী আহত হয়।

২। **সিরাজগঞ্জ:** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে টেলিফোন ও এসএমএস বার্তার মাধ্যমে জানানো হয়েছে যে, গত ১৩.০৩.২০২০খ্রিঃ তারিখ দুপুর ১.০৭ ঘটিকায় পরানপুর, হরিনাথপুর, কাজীপুর থানা, সিরাজগঞ্জ জেলার একটি গোয়ালঘর ও দুইটি খড়ির ঘরে বিড়ি থেকে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ০২ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে দুপুর ২.৩০ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডে একজন আহত হয়।

৩। **মাগুরা:** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষ থেকে টেলিফোন ও এসএমএস বার্তার মাধ্যমে জানানো হয়েছে যে, গত ১৩.০৩.২০২০খ্রিঃ তারিখ রাত ১০.১০ ঘটিকায় বেড়াআকশী, মাগুরা সদরে একটি গোয়ালঘরে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ০২ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে রাত ১১.০০ ঘটিকায় আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডে একজন আহত হয়।



১৪-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০৯/১(৮৯)

তারিখ: ৩০ ফাল্গুন ১৪২৬
১৪ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক (সকল)
- ৩) উপ-পরিচালক (সকল)
- ৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা (সকল)



১৪-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)